

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কাহালু, বগুড়া।  
<http://kahaloo.bogra.gov.bd>

স্মারক নং ০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০১.২০২৩- ৫৬

তারিখ: ১৬/০১/২০২৩ খ্রিস্টাব্দ

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদরা নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সহ অন্যান্য নির্বাহী সমিতি/সংগঠন এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মূলে কাহালু উপজেলার বিভিন্ন ইউনিয়নে সরকারি জলমহাল (২০ একর পর্যন্ত) শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিনি) বছর মেয়াদী ইজারা প্রদানের জন্য নির্ধারিত ফরমে দরপত্র সিডিউলের মাধ্যমে বিজ্ঞপ্তি ও শর্তসমূহের ভিত্তিতে সীলমোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন করার পূর্বেই ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করতে হবে।

### **উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউলঃ**

ক্রমিক নং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১	০৬ মাঘ থেকে ২৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ (২০ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ) এর মধ্যে	অনলাইনে আবেদন দাখিল
০২	২৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ (০৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ) এর পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল।
০৩	০৬ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ (১৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ) এর মধ্যে	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই।
০৪	১৫ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ (২৮ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ) এর মধ্যে	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন
০৫	২৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ (১৪ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ) এর মধ্যে	ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন।
০৬	০৭ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ (২১ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ) এর মধ্যে	উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ।
০৭	২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ (০৬ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ) এর মধ্যে	ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য ও অন্যান্য করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন।
০৮	০১ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ)	ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া।

১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নির্বাহিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা রয়েছে।

২. ২৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ (০৯ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ) এর পরবর্তী ০৩ (তিনি) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে ‘জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন’ কথাগুলো স্পষ্টভাবে লিখিত হবে এবং খামের বামপার্শে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

স্বাক্ষরিত/-

(মোছাঃ মেরিনা আফরোজ)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
কাহালু, বগুড়া।

(বিশ্বেষণ ভূমি মন্ত্রণালয়ের সরকারি জলমহাল নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১  
অধিশাখার ১৯ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-  
৮৮ নং প্রজ্ঞাপন অনুযায়ী সকল বিষয় নির্ধারিত।